দৈনিক ইত্তেফাক

তারিখ 22 AUG 2016
পৃষ্ঠা ৮ কলাম ৪

# শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা বনাম বাস্তবতা

২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষা মন্ত্রণালয়ে নীতিমালা যা শিক্ষা সচিব কর্তৃক ১২-৫-২০১৬ তারিখে স্বাক্ষরিত, সেখানে ৫ নম্বর অনুচ্ছেদে সুস্পষ্টভাবে ভর্তির সময় বিভিন্ন ফি আদায়ের বিষয় উল্লেখ করা হয়েছে- মফস্বল এলাকায় ১০০০-৩০০০ টাকা এবং ঢাকায় সর্বোচ্চ ৫০০০ টাকা। উন্নয়ন খাতে ৩০০০ টাকার বেশি আদায় করা যাবে না। নীতিমালায় দেখা যায়, বিভিন্ন খাতে বোর্ড ফি মাত্র ১৯৭ টাকা। অথচ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ কর্তৃপক্ষ একাদশ শ্রেণির ছাত্র প্রতি ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তির সময় উন্নয়ন ফিসহ ১২টি খাতে আদায় করেছে ৮৯৭৮ টাকা (অনাবাসিক), ১৫৮০০ টাকা (আবাসিক)। এ ছাড়াও মসজিদ বাবদ ৩০০ টাকা এবং বোর্ড কর্তৃক প্রদত্ত পিন নম্বর যাচাইয়ের জন্য ১০০ টাকা অতিরিক্ত নিয়েছে। ১৭-৭-২০১৬ তারিখের এক নোটিশে ১৩টি খাতে আগস্ট মাসের বেতনসহ (৬৬০ টাকা) ছাত্রপ্রতি আরো ৮৭৭০-১২৪৮০ টাকা পরিশোধের জন্য বলা হয়েছে। কিন্তু খাতের পুনরাবৃত্তিও রয়েছে। রক্ষণাবেক্ষণ খাতে ৬০০০ টাকা ফি ধার্য করা হয়েছে, যা অযৌক্তিক